13 JUN 2017
তারিখ ... 13 JUN 2017 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 8 ...

কালের কণ্ঠ

# বাজেটে শিক্ষা ও নারীর বরাদ্দ নিয়ে গোলটেবিল

**নিজস্ব প্রতিবেদক ▷**

বাজেটে শিক্ষা ও নারী বিষয়ে গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ উন্নয়ন পরিষদ (বিইউপি) আয়োজিত গতকাল সোমবারের এ বৈঠকে বাজেটের অপর্যাপ্ত বরাদ্দ বিষয়ে অসন্তোষ প্রকাশের পাশাপাশি আলোচকরা নানা দিক বিশ্লেষণ করেন।

জাতীয় প্রেস ক্লাবের ভিআইপি লাউঞ্জে অনুষ্ঠিত গোলটেবিল বৈঠকে প্রধান অতিথি ছিলেন অর্থনীতিবিদ ড. কাজী খলীকুজ্জামান আহমদ। অন্যতম প্রধান আলোচক ছিলেন বিআইডিএসের সাবেক সিনিয়র রিসার্চ ফেলো ড. প্রতিমা পাল মজুমদার, বাংলাদেশ ব্যাংকের সাবেক বোর্ড মেম্বার অধ্যাপক হান্নানা বেগম, কৃষি অর্থনীতিবীদ ড. জাহাঙ্গীর আলম প্রমুখ।

ড. কাজী খলীকুজ্জামান আহমদ বলেন, শিক্ষায় বরাদ্দ বাড়লেও শিক্ষিত বেকার কমানোর জন্য কোনো উল্লেখযোগ্য উদ্যোগ নেই। এ বাজেট দিয়ে উন্নত জাতি হিসেবে নিজেদের প্রতিষ্ঠা করা সম্ভব নয়। জনগণের অর্ধেক হলো নারী, তাদের উন্নয়ন বাদ দিয়ে এসডিজি অর্জন বা দেশের সার্বিক অগ্রগতি কোনোভাবেই সম্ভব নয়। বাজেটে নারীদের জন্য যে বরাদ্দ দেওয়া হয়েছে এটি লোক দেখানো।

আলোচকরা বলেন, এ বছর বাজেটে শিক্ষার জন্য যে বরাদ্দ দেওয়া হয়েছে, তা গত বছরের তুলনায় বেশি। তবে এ বাজেটে মফস্বল ও শহরের শিক্ষা ব্যবস্থায় বৈষম্য কমিয়ে আনতে কোনো উল্লেখযোগ্য বরাদ্দ নেই। বাজেটে নারীর জন্য পৃথক বরাদ্দ দেওয়া হলেও তা পর্যাপ্ত নয়। ৪৩টি মন্ত্রণালয় ও বিভাগে নারীর জন্য যে বরাদ্দ দেওয়া হয়েছে তা দুই-তিনটি মন্ত্রণালয়কে দিলে বেশি কাজে আসত।